

শিক্ষামন্ত্রীর সাথে এডিবি পরিচালকের সাক্ষাৎ

ঢাকা, ২১ জানুয়ারি ২০১৮

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের সাথে আজ সচিবালয়ে মন্ত্রীর অফিসকক্ষে এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)-এর মানবসম্পদ ও সামাজিক উন্নয়ন বিভাগের পরিচালক সাংসুপ রা (Sungsup Ra)-এর নেতৃত্বে ৪ সদস্যের একটি প্রতিনিধিদল সাক্ষাৎ করে। এডিবির সোশাল সেক্টর বিশেষজ্ঞ Xhigang Li, সোশাল সেক্টর ইকোনমিস্ট Ms. Xin Long এবং বাংলাদেশে এডিবি'র আবাসিক মিশনের সিনিয়র সোশাল সেক্টর অফিসার এস এম এবাদুর রহমান এসময় তাঁর সাথে ছিলেন।

সাক্ষাৎকালে তাঁরা বাংলাদেশে এডিবি'র চলমান প্রকল্পগুলো নিয়ে আলোচনা করেন। এডিবি'র পরিচালক বাংলাদেশে শিক্ষাক্ষেত্রে অগ্রগতি এবং এক্ষেত্রে শিক্ষামন্ত্রীর নেতৃত্বের প্রশংসা করেন। তিনি বলেন, বাংলাদেশ শিক্ষাক্ষেত্রে উল্লেখযোগ্য অগ্রগতি সাধন করেছে। বাংলাদেশে কারিগরি শিক্ষা প্রকল্পে এডিবির সহায়তা নিয়ে তারা আলোচনা করেন। বাংলাদেশে শিক্ষাক্ষেত্রে এডিবি'র সহায়তা আরো সম্প্রসারণ করা হবে বলে উল্লেখ করেন।

আলোচনাকালে শিক্ষামন্ত্রী বাংলাদেশে শিক্ষাক্ষেত্রে এডিবি'র সহযোগিতার জন্য ধন্যবাদ জানান এবং এ সম্পর্ক ভবিষ্যতে আরো বৃদ্ধি পাবে বলে আশাবাদ ব্যক্ত করেন।

সাক্ষাৎকালে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদরাসা বিভাগের অতিরিক্ত সচিব একেএম জাকির হোসেন ভূঞা, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের যুগ্মসচিব মাহমুদুল ইসলাম এবং সেন্সিপ প্রকল্পের যুগ্ম পরিচালক আবু ছাইদ শেখ উপস্থিত ছিলেন।